

## আরশি টাওয়ার

আরশি টাওয়ার পঞ্চম কাব্যগ্রন্থ। যৌথ ফসল। উনিশ শ উননব্বই-এর জুনে প্রথম প্রকাশিত। প্রকাশক : সংবেদ ভবন, কলকাতা। প্রচ্ছদ : কে.সি.এস.পানিকর। কুড়িটি কবিতার অন্তর্ভুক্তি হয়েছে গ্রন্থটিতে।

কুড়িটি কবিতার কোনো কোনোটি দু-একটি কাব্যগ্রন্থ থেকে সংগৃহীত। অনেকগুলি নতুন। কবিতা কুড়িটিতে দেখার চোখ, বলার ভঙ্গি, বিপন্ন বিস্ময় আর অশরীরী সংস্কার নিয়ে যে আবহ তৈরী হয়েছে তা নিজস্ব। সেই নিরহঙ্কার চৈতন্যের নিমজ্জন। সেই মায়িক আর্তি ও তার আশ্চর্য নিরাময়। সেই জটিল অথচ সরল, সহজ অথচ দূরবগাহ পথ পরিক্রমা।

- কিছুই হলোনা মানে দুঃখ নেই অভিমানও নেই।  
কিছুই হলোনা মানে এই নয় আমি খুব খারাপ রয়েছি।  
আমার শান্তিও নেই অশান্তিও নেই।  
সুখ আর দুঃখের মাঝে আমার বিস্তীর্ণ চরাচর।  
খরা ধস শস্য ধুলো বালি আনন্দবেদনা  
সামান্য পৃথিবী উপচে প'ড়ে যায় ঝ'রে ঝ'রে যায়।  
কিছুই হলোনা মানে এই নয় আমি  
প্রতিভাবিহীন এই অন্ধকারে তাঁকে ভুলে আছি।

আর বিশ্বাস?

- কে নেবে কেড়ে বিশ্বাসের বন্ধমূল জমি?  
এখনো যারা আসেনি আমি তাদের জন্যে  
এখনো যারা ভাসেনি আমি তাদের জন্যে  
এখনো যারা ভাঙেনি আমি তাদের জন্যে